রেজিস্ট্রারের কার্যালয়
**বাংলাদেশ নার্সিং কাউন্সিল**
২০৩ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, বিজয়নগর, ঢাকা-১০০০
www.bnmc.gov.bd

স্মারক নং-বিএনসি/২০১১/৪৯ তারিখঃ ০৯ মে ২০১১খ্রিঃ

# "বিদেশী শিক্ষা প্রতিষ্ঠান হতে নার্সিং শিক্ষা গ্রহণকারি বাংলাদেশী নাগরিকদের বাংলাদেশ নার্সিং কাউন্সিল থেকে স্থায়ী রেজিস্ট্রেশন প্রদান সংক্রান্ত নীতিমালা"

**ভূমিকাঃ**

বিদেশী শিক্ষা প্রতিষ্ঠান হতে নার্সিং/সমমানের শিক্ষা গ্রহণকারি বাংলাদেশী নাগরিকদের কাউন্সিল থেকে স্থায়ী রেজিস্ট্রেশন প্রদানের লক্ষ্যে বাংলাদেশ নার্সিং কাউন্সিল অর্ডিন্যান্স ১৯৮৩ এর ৯ (৩) অনুচ্ছেদে বর্ণিত বিধি অনুযায়ী কাউন্সিলের নির্বাহী কমিটির সিদ্ধান্তক্রমে Equivalence Committee-কর্তৃক প্রণীত এ নীতিমালাটি কাউন্সিলের নির্বাহী কমিটির ২৪ মার্চ-২০১১ তারিখের সভায় অনুমোদন করা হয়।

**উদ্দেশ্য ও লক্ষ্যঃ**

বাংলাদেশের নাগরিকগণ বাংলাদেশের বাহিরের কোন ইনস্টিটিউট/ প্রতিষ্ঠান হতে নার্সিং/সমমানের শিক্ষা গ্রহণের পর অর্জিত সনদ ও শিক্ষার মান যাচাই-বাছাই পূর্বক বাংলাদেশ নার্সিং কাউন্সিল থেকে পেশাগত সনদ/ স্থায়ী রেজিস্ট্রেশন ইস্যু করা।

**রেজিস্ট্রেশন পদ্ধতিঃ**

রেজিস্ট্রেশন প্রদানের পূর্বে আবেদনকারিদের জন্য পালনীয়

১. যে কোর্সের রেজিস্ট্রেশনের জন্য আবেদন করা হয়েছে তা সুস্পষ্ট ভাবে লিখে বাংলাদেশ নার্সিং কাউন্সিলের রেজিস্ট্রার বরাবর লক্ষ্য-উদ্দেশ্য উল্লেখ পূবর্ক পূর্ণাঙ্গ আবেদন করতে হবে।

২. ডিপ্লোমা নার্সিং এর ক্ষেত্রে বাংলাদেশের নার্সিং কারিকুলামের সাথে সামঞ্জস্য রেখে ভর্তি যোগ্যতা অর্থাৎ এসএসসি/সমমানের (10th class passed) সাধারণ শিক্ষা গ্রহন পূর্বক ৪ (চার) বছরের ডিপ্লোমা নার্সিং/মিডওয়াইফারী, এইচএসসি/সমমানের (12th class passed) সাধারণ শিক্ষা গ্রহণের পর ৩ (তিন) বছরের ডিপ্লোমা নার্সিং/মিডওয়াইফারী এবং বিএসসি নার্সিং কোর্স সম্পন্ন করা হয়েছে কিনা তা উল্লেখ করতে হবে। (বিদেশে অর্জিত এসএসসি/এইচএসসি'র ক্ষেত্রে বাংলাদেশের শিক্ষা বোর্ডের Equivalence Certificate প্রয়োজন হবে)

৩. প্রশিক্ষণের কোর্স কারিকুলাম, কোর্সের মেয়াদ, অধ্যয়নের বিষয়সমূহ এবং এ ক্ষেত্রে তাত্ত্বিক ও ব্যবহারিক প্রশিক্ষণের ক্লাসের সংখ্যা /ঘন্টা (hours) বাংলাদেশের সংশ্লিষ্ট কোর্সের সমতুল্য কিনা তা যাচাইয়ের জন্য ট্রান্সক্রিপ্ট/মার্কসীট (ক্ষেত্র বিশেষ কারিকুলাম) সংযুক্ত করতে হবে।

৪. প্রশিক্ষণান্তে সংশ্লিষ্ট দেশের কাউন্সিল /Registration Authority থেকে রেজিস্ট্রেশন অথবা প্রভিশনাল রেজিস্ট্রেশন আছে কিনা এবং থাকলে দাখিল করতে হবে।

৫. আবেদন প্রক্রিয়া সম্পাদনের (Processing) নির্ধারিত ফি বাবদ বাংলাদেশ নার্সিং কাউন্সিল এর নামে ৬,০০০/- (ছয় হাজার) টাকার পে-অর্ডর/ব্যাংক ড্রাফট আবেদনের সাথে জমা দিতে হবে।

৬. নির্ধারিত আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবেঃ
   (১) প্রশিক্ষণকালিন ব্যবহৃত পার্সপোর্টের সত্যায়িত কপি।
   (২) প্রার্থী সাক্ষরিত পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত (Bio-Data)।
   (৩) ২ কপি পাসপোর্ট সাইজ ছবি জন্মসূত্রে বাংলাদেশী স্থায়ী নাগরিকদের ক্ষেত্রে ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কৃর্তক এবং জন্মসূত্রে বিদেশী স্থায়ী নাগরিকদের ক্ষেত্রে বাংলাদেশস্থ সংশিণ্টষ্ট দেশের হাইকমিশন/দূতাবাস কর্তৃক সত্যায়িত ।
   (৪) নাগরিকত্ব সনদপত্র ও জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি।
   (৫) জন্ম-নিবন্ধন এবং এসএসসি সনদের সত্যায়িত কপি।
   (৬) এস এস সি/এইচ এস সি/স্নাতক/স্নাতকোত্তর বা সমমানের সকল শিক্ষাগতযোগ্যতার সনদপত্র সংশ্লিষ্ট দেশের বাংলাদেশস্থ হাইকমিশন/দূতাবাস থেকে সত্যায়িত কপি।
   (৭) বাংলাদেশস্থ সংশ্লিষ্ট দেশের হাইকমিশন/দূতাবাস কর্তৃক ডিপ্লোমা-ইন-নার্সিং/মিডওয়াইফারী প্রশিক্ষণের সনদপত্র, রেজিস্ট্রেশন সনদ, ইনস্টিটিউট/কলেজ প্রদত্ত Testimonial, Marksheet & Transcript এর সত্যায়িত কপি।
   (৮) বর্তমান কর্মরত হাসপাতাল/ প্রতিষ্ঠান কর্তৃপক্ষের সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে)।

৭. শিক্ষাগত যোগ্যতার কাগজপত্র বাংলা ও ইংরেজী ব্যতিত অন্য কোন ভাষায় হয়ে থাকলে তা ইংরেজি ভাষায় অনুবাদ করে সংশ্লিষ্ট দেশের বাংলাদেশস্থ হাইকমিশন/দূতাবাস থেকে সত্যায়িত কপি।

৮. মৌখিক পরীক্ষায় (সাক্ষাৎকার) অংশগ্রহণ করতে হবে।

বাংলাদেশ নার্সিং কাউন্সিল/ Equivalence Committee এর পালনীয়ঃ

৯. বাংলাদেশ নার্সিং কাউন্সিল অর্ডিন্যান্স ১৯৮৩ এর ৯ (৩) অনুচ্ছেদে বর্ণিত বিধি মোতাবেক বাংলাদেশ নার্সিং কাউন্সিল থেকে রেজিস্ট্রেশন ইস্যু করা যেতে পারে।

১০. কাউন্সিল থেকে রেজিস্ট্রেশন ইস্যুর লক্ষ্যে-
আবেদনকারি বিদেশের যে শিক্ষা প্রতিষ্ঠান থেকে শিক্ষা গ্রহন করেছেন উক্ত প্রতিষ্ঠান এবং নার্সিং কোর্স উভয়ই সে দেশের সরকার/ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত (Affiliated) কিনা তার সত্যতা যাচাই (Verification) করতে হবে।

১১. শর্তাবলী অনুযায়ী আবেদন পাওয়া গেলে Equivalence Committee সভা আহ্বান করে সকল কাগজপত্রাদি যাচাই-বাছাই পূর্বক একটি সুপারিশ কাউন্সিলে পেশ করবে। যা চূড়ান্ত অনুমোদনের জন্য বাংলাদেশ নার্সিং কাউন্সিলের পরবর্তী নির্বাহী কমিটির সভায় উপস্থাপন করতে হবে। নির্বাহী কমিটির এ সংক্রান্ত সিদ্ধান্ত মোতাবেক প্রার্থীকে রেজিস্ট্রেশন প্রদান করা যেতে পারে।

প্রয়োজনে বাংলাদেশ নার্সিং কাউন্সিলের নির্বাহী কমিটি অত্র নীতিমালা সংশোধন, পরিবর্তন, পরিবর্ধন ও বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।

(সুরাইয়া বেগম)
রেজিস্ট্রার
বাংলাদেশ নার্সিং কাউন্সিল
ফোন-৯৫৬১১১৬, ৯৫৬৪১৫৯
ই-মেইলঃ info@bnmc.gov.bd

স্মারক নং-বিএনসি/২০১১/৪৯/১(১০)  তারিখঃ ০৯/০৫/২০১১ খ্রিঃ

অবগতি ও কার্যার্থে অনুলিপিঃ
১। সভাপতি, বাংলাদেশ নার্সিং কাউন্সিল ও সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২। সহ-সভাপতি, বাংলাদেশ নার্সিং কাউন্সিল ও মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর।
৩। যুগ্ম-সচিব/ উপ-সচিব (নার্সিং), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৪। পরিচালক, চিকিৎসা শিক্ষা ও জনশক্তি উন্নয়ন, স্বাস্থ্য অধিদপ্তর।
৫। পরিচালক, সেবা পরিদপ্তর, ঢাকা।
৬। উপ-পরিচালক, চিকিৎসা শিক্ষা, স্বাস্থ্য অধিদপ্তর এবং সদস্য- Equivalence Committee।
৭। সিনিয়র সহকারী সচিব (নার্সিং), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং সদস্য- Equivalence Committee ।
৮। ডেপুটি-রেজিস্ট্রার, বাংলাদেশ নার্সিং কাউন্সিল এবং সদস্য সচিব, Equivalence Committee।
৯। জনাব/বেগম, . . . . . . . . . . . . . . . .

রেজিস্ট্রার
বাংলাদেশ নার্সিং কাউন্সিল